গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব আলমগীর মুহম্মদ মনসুরুল আলম, মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ১৯ ডিসেম্বর ২০২১
সময় : বিকাল ০৩:০০ ঘটিকা
স্থান : হোপ কনফারেন্স কক্ষ (৩য় তলা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

**আলোচ্য বিষয়:**

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন;
২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) অগ্রগতি পর্যালোচনা;
২। বিবিধ।

(সভার উপস্থিতি পরিশিষ্ট-ক)

সভাপতি, নৈতিকতা কমিটি ও মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালকবৃন্দ এবং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। পরিচালক (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর কার্যক্রমগুলোর অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে নির্দেশনা দিলে তিনি তা উপস্থাপন করেন। কার্যক্রমগুলো নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র:নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন; | সভায় বিগত সভার কার্যবিবরণী এবং কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। বিগত সভার কার্যবিবরণী মোতাবেক দেখা যায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি এর লক্ষ্যমাত্রা নির্ধারনে বিভাজন করা সঠিক হয়নি। এ ক্ষেত্রে সংশোধনী আনার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে পরিচালক (সংগ্রহ) জানান যে প্রতি কোয়ার্টারের যোগফলে মোট অর্জন ১০০% (শতভাগ) হওয়া বাঞ্চনীয়। কোভিড-১৯ পরিস্থিতিতে সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন এবং লক্ষ্যমাত্রা অর্জনে মোট অর্জন ১০০% ধরে (১ম, ২য়, ৩য়, ৪র্থ) কোয়ার্টারে যথাক্রমে (৫%, ১৫%, ২৫% ও ৫৫%) নির্ধারনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। সে মোতাবেক কর্মপরিকল্পনায় সংশোধনী প্রদান করে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণের জন্য মহাপরিচালক, পরিচালক (প্রশাসন) কে নির্দেশনা প্রদান করেন। অন্যান্য বিষয়ে কোন সংশোধন না থাকায় তা অনুমোদনের জন্য সভায় আলোচনা করা হয়। | বার্ষিক উন্নয়ন কর্মসূচির লক্ষ্যমাত্রা সংশোধন করে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন) |
| ২ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) অগ্রগতি পর্যালোচনা; | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ২য় ত্রৈমাসিক অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। কর্মপরিকল্পনা মোতাবেক সভাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত হওয়ায় মহাপরিচালক, সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। এছাড়া শুদ্ধাচার ও সুশাসন বিষয়ক ০২টি প্রশিক্ষণ কার্যক্রম আগামী ৩১/১২/২১ তারিখের মধ্যে সমাপ্ত করা হবে মর্মে সভায় অবহিত করা হয়। এ বিষয়ে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর মন্ত্রিপরিষদ বিভাগের এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে ফ্যাসিলিটেটর সংগ্রহের জন্য তাগীদ প্রদান করেন। অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি-৪) বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা করে শুদ্ধাচার ও সুশাসনের প্রশিক্ষণে অন্তত ০১টি করে সেশন পরিচালনা/অংশগ্রহণ নিশ্চিত করার ব্যবস্থা নিবেন মর্মে সভায় আলোচনা করা হয়। পরিস্কার-পরিচ্ছন্নতা ও কোভিড-১৯ মোকাবেলায় মাঠপর্যায়ে সকল ক্ষেত্রে স্বাস্থ্যবিধি অনুসরণ, পুরাতন অকেজো মালামাল অপসারণ ও নিলামের জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট | কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক অর্জন অব্যাহত রাখতে সকল পরিচালক ও প্রকল্প পরিচালককে সচেষ্ট থাকতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>বাস্তবায়ন: পরিচালক (সকল) ও প্রকল্প পরিচালক (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | | কর্মকর্তাকে ব্যবস্থা নিতে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে মহাপরিচালক সভায় অবহিত করেন। তিনি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের থেকে পুরাতন মালামাল/বই/গাড়ী/ভবন নিলাম সংক্রান্ত তথ্য সংগ্রহের জন্য পরিচালক (প্রশাসন) কে নির্দেশনা প্রদান করেন।<br>২নং ক্রমিকের ২.১ কার্যক্রম মোতাবেক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরাধীন সকল প্রকল্পের এবং অধিদপ্তরের ক্রয়পরিকল্পনাসমূহ হালনাগাদ করে ৩১/১২/২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে আপলোডের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>২.২ নং ক্রমিক মোতাবেক ২য় ত্রৈমাসিকের অর্থাৎ ডিসেম্বর/২০২১ এর মধ্যে মোট ২০টি করে পিএসসি (PSC) ও পিআইসি (PIC) সভা আয়োজনের সিদ্ধান্ত রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। সেক্ষেত্রে প্রকল্প পরিচালকগণ তাঁদের প্রকল্পসমূহের জন্য নির্ধারিত পিএসসি (PSC) ও পিআইসি (PIC) কমিটির সভাগুলো আগামী ৩১/১২/২০২১ তারিখের মধ্যে সমাপ্ত করবেন এবং কার্যবিবরণী নোটিশ ও অগ্রগতির প্রতিবেদন পরিচালক (প্রশাসন) বরাবর ই-মেইল (diradmindpe@gmail.com) এর মাধ্যমে প্রেরণ করবেন মর্মে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন। কর্মপরিকল্পনার অন্যান্য রুটিন কার্যক্রমগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য পরিচালক (প্রশাসন) কে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন এবং সংশ্লিষ্ট সকল পরিচালক ও প্রকল্প পরিচালকগণকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধ করেন। | |

৩। বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।


আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)
টেলিফোন: ০২-৫৫০৭৪৭৭৭
ফ্যাক্স: ৫৫০৭৪৯০৪
ই-মেইল: dgprimarybd@gmail.com


স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৩.২১ (পার্ট-২)- ২৭৮/১/ ২৮০

তারিখ: ০৮ পৌষ, ১৪২৮
২৩ ডিসেম্বর, ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা,ঢাকা/ রাজশাহী /খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সিনিয়র সিস্টেম এ্যানালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোড করার জন্য)।
৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল), (নিলাম সংক্রান্ত তথ্যাদি প্রেরণের অনুরোধসহ)।
৬। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
৮। অফিস কপি।


মো: বাহারুল ইসলাম
উপপরিচালক (সংস্থাপন) অ: দা: